**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু জনগণকে স্বদেশী ভাবনায় উদ্বুদ্ধ হয়ে আত্মনির্ভর ভারত গড়ে তোলার আহ্বান জানিয়েছেন।**
**(২) রাজ্যেও আজ যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করা হয়।**
**(৩) আসন্ন এডিসি নির্বাচনের জন্য ২৮টি নির্বাচনী ক্ষেত্রের ভোট কেন্দ্রের চূড়ান্ত তালিকা আজ প্রকাশ করা হয়েছে।**
**(৪) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ গুয়াহাটিতে সিআরপিএফের ৮৭তম প্রতিষ্ঠা দিবসের কুচকাওয়াজে প্রধান অতিথি হিসেবে যোগ দেন।**
**(৫) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সঙ্গে মত বিনিময় করবেন।**
**(৬) আন্তর্জাতিক দাবার আসরে ফের সাফল্য পেলো রাজ্যের মহিলা আন্তর্জাতিক মাস্টার অর্শিয়া দাস।**

**************************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু জনগণকে স্বদেশী ভাবনায় উদ্বুদ্ধ হয়ে আত্মনির্ভর ভারত গড়ে তোলার আহ্বান জানিয়েছেন। আজ আগরতলার মুক্তধারায় স্বদেশী জাগরণ মঞ্চ মহানগর আয়োজিত উদ্যমী সম্মাননা ও প্রোৎসাহন সম্মেলনের উদ্বোধন করে তিনি একথা বলেন। রাজ্যপাল বলেন, প্রধানমন্ত্রীর ভোকাল ফর লোকাল ও মেক ইন ইন্ডিয়া শুধুমাত্র স্লোগান নয়, অর্থনৈতিকভাবে স্বতন্ত্র দেশ গড়তে এক নতুন দিশা। সেই লক্ষ্যেই

তিনি আরো বলেন, আধুনিক প্রযুক্তিকে ব্যবহার করে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উৎপাদন ও বাজারজাত করা মধ্য দিয়ে নিজেকে স্বনির্ভর করতে হবে। অনুষ্ঠানে সাংসদ রাজীব ভট্টাচার্য মহিলাদের ক্ষমতায়ন ও স্বনির্ভর হওয়ার বিষয়ে সরকারের বহুমুখী পদক্ষেপ বিস্তারিত উল্লেখ করেন। উপস্থিত ছিলেন অখিল ভারতীয় প্রচার প্রমুখ ধর্মেন্দ্র কুমার দুবে, স্বদেশী জাগরণ মঞ্চ ত্রিপুরা প্রান্তের সংযোজক শিবাজী বসু।

**************************

**International Mother Tongue Day :**

রাজ্যের সর্বত্র আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে যথাযথ মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করা হয়। এই বছরের আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের মূল ভাবনা হচ্ছে বহুভাষিক শিক্ষার উপর যুবসমাজের কন্ঠস্বর। উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন আগরতলার সুকান্ত একাডেমিতে রাজ্যভিত্তিক আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের সূচনা করে বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নতুন জাতীয় শিক্ষা নীতিতে মাতৃভাষার উপর গুরুত্ব আরোপ করেছেন। রাজ্য সরকারও প্রতিটি ভাষার বিকাশ, গবেষণা ও প্রসারে আন্তরিকভাবে কাজ করে চলেছে। তিনি বলেন মাতৃভাষা একটি জাতির চিন্তা, চেতনা ও সংস্কৃতিকে লালন করে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশিষ্ট শিক্ষাবিদ পদ্মশ্রী নরেশ চন্দ্র দেববর্মা, তথ্য সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিম্বিসার ভট্টাচার্য।

আজ ধলাই জেলা শিক্ষা দপ্তরের উদ্যোগে মাতৃভাষা দিবসের জেলাভিত্তিক মূল অনুষ্ঠানটি হয় কুলাই কলোনি উচ্চ বিদ্যালয়ে। উদ্বোধন করেন আমবাসা পুর পরিষদের চেয়ারপার্সন প্রতিমা মালাকার। অনুষ্ঠানে বিশিষ্ট শিক্ষক ও লেখকদের সম্মাননা প্রদান করা হয়।

আজ ঊনকোটি জেলাতেও উদযাপিত হয় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। এই উপলক্ষ্যে আজ ফটিকরায় আম্বেদকর কলেজের অডিটোরিয়ামে তথ্য-সংস্কৃতি দপ্তর ও আম্বেদকর কলেজের যৌথ উদ্যোগে এক অনুষ্ঠানের উদ্বোধন করেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। বক্তব্য রাখেন ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ডক্টর মলয় দেব। এরপর বহুভাষিক কবিতা পাঠ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

**International Mother Tongue Day :**

বিলোনিয়ার জন গ্রন্থাগারের সামনে ত্রিপুরা সংস্কৃতি সমন্বয় কেন্দ্র আয়োজিত মাতৃভাষা দিবস উদযাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক দীপংকর সেন। সাব্রুমের মনু দ্বাদশ স্কুলে আয়োজিত অনুষ্ঠানে উপস্হিত ছিলেন দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। বিলোনিয়া প্রেস ক্লাবের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পুর পরিষদের চেয়ারম্যান নিখিল চন্দ্র গোপ। সাব্রুম প্রেসক্লাবের উদ্যোগেও সাব্রুমে হয় শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন অনুষ্ঠান।

গোমতী জেলায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনে মূল অনুষ্ঠানটি হয় উদয়পুরের রাজর্ষি হলে। উদ্বোধন করেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়।

***************************

**TTAADC-Polling Station :**

রাজ্য নির্বাচন কমিশন আসন্ন এডিসি নির্বাচনের জন্য ২৮টি নির্বাচনী ক্ষেত্রের ভোট কেন্দ্রের চূড়ান্ত তালিকা আজ প্রকাশ করেছে। এদিকে, এডিসি নির্বাচনের জন্য খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী ২৭শে ফেব্রুয়ারী। ঐদিন থেকেই খসড়া ভোটার তালিকার উপর দাবি ও আপত্তি গ্রহনের কাজ শুরু হবে। তা চলবে আগামী ৬ই মার্চ পর্যন্ত। দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ শেষ হবে ১০ই মার্চ। এডিসি নির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী ১৩ই মার্চ।

**************************

**Dharmanagar-Bye Election :**

ভারতের নির্বাচন কমিশনের আদেশ অনুসারে ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের জন্য খসড়া ভোটার তালিকার উপর গৃহীত দাবি ও আপত্তি সমূহের নিষ্পত্তির কাজ শেষ হয়েছে আজ। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে আগামী ২৮শে ফেব্রুয়ারী। রাজ্য নির্বাচন দপ্তর সূত্রে এখবর জানা গেছে।

************************

**CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ নাগেরজলা বাস স্ট্যান্ডে ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জির আবক্ষ মূর্তির আবরণ উন্মোচন করেন। তিনি বলেন, ভারতীয় জনসংঘের প্রতিষ্ঠাতা ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জী ভারতের ঐক্য ও অখণ্ডতা রক্ষায় নিজেকে উৎসর্গ করেছিলেন। তিনি বলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের সার্বিক বিকাশে ছাত্র, যুবক, কৃষক এবং নারী শক্তির উন্নয়নে বিশেষ জোর দিয়েছেন। রাজ্য সরকারও সেই দিশায় কাজ করছে। বক্তব্য রাখেন সাউথ ত্রিপুরা বাস ওনার্স অ্যাসোসিয়েশনের সভাপতি কমল দেব। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী পরিবহণ ব্যবসার সঙ্গে যুক্ত ৯ জনকে সংবর্ধনা প্রদান করেন।

****************************

**International Mother Tongue Day-CPIM :**

সি.পি.আই.এম রাজ্য কমিটির উদ্যোগে আজ মেলারমাঠে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করা হয়। বাংলা ভাষার স্বীকৃতি আদায়ের জন্য যেসব বীর সন্তান আত্মবলিদান দিয়েছেন তাদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী ও সি.পি.আই.এম নেতৃবৃন্দ।

******************************

**International Mother Tongue Day-Bangladesh :**

আগরতলায় বাংলাদেশ সহকারী হাই কমিশন কার্যালয়েও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে মাতৃভাষা দিবসের গুরুত্ব নিয়ে এক আলোচনাচক্রে বক্তাগণ ভারত ও বাংলাদেশের মধ্যে সু-সম্পর্ক বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেন। সহকারী হাইকমিশনার হাসান আল বাসার আবুল উলায়ী মাতৃভাষার গুরুত্ব নিয়ে আলোচনা করেন। দূতাবাসের প্রথম সচিব শরীফ আহমেদ মাতৃভাষার মর্যাদা রক্ষায় সবার অঙ্গীকার গ্রহনে গুরুত্ব দেন।

****************************

**Update Akashvani**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

******************************

**Amit Shah :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ গুয়াহাটিতে সিআরপিএফের ৮৭তম প্রতিষ্ঠা দিবসের কুচকাওয়াজে প্রধান অতিথি হিসেবে যোগ দেন। অনুষ্ঠানে স্বরাষ্ট্রমন্ত্রী সিআরপিএফের গুরুত্বপূর্ন ভূমিকার কথা তুলে ধরেন।

#######Byte-Amit Shah#######

স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী শাহ আজ কামরূপ মেট্রো জেলার কচুটোলিতে দশম আসাম পুলিশ ব্যাটালিয়নের একটি নতুন ক্যাম্পাসের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। এই প্রকল্পে ২৬০ কোটি টাকারও বেশি ব্যয় হবে।

রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য, মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা এবং বন্দর, জাহাজ চলাচল ও জলপথ মন্ত্রী সর্বানন্দ সোনোয়াল এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এই উপলক্ষে আয়োজিত জনসভায় কেন্দ্রীয় মন্ত্রী বলেন যে, পাঁচ বছরের মধ্যে আসাম ভারতের একটি শিল্প কেন্দ্র হয়ে উঠবে।

তিনি জানান যে গত ১০ বছরে কেন্দ্র আসামের জন্য ১৫ লক্ষ কোটি টাকারও বেশি বরাদ্দ করেছে।

*************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১৩১তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

******************************

**MLA Expired :**

সি.পি.আই.এমের প্রাক্তন বিধায়ক মাধব সাহা আজ বিকেলে আগরতলার একটি বেসরকারি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৩ বছর। তাঁর মৃত্যুতে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গভীর শোক প্রকাশ করেছেন ও শোকসন্তপ্ত পরিবার-পরিজনদের প্রতি সমবেদনা জানিয়েছেন। সি.পি.আই.এম রাজ্য কমিটির পক্ষ থেকেও বিধায়ক মাধব সাহার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়েছে।

**************************

**Agartala-Kolkata Bus :**

ত্রিপুরা সড়ক পরিবহন নিগমের ভারপ্রাপ্ত চেয়ারম্যান সমর রায় আজ জানিয়েছেন, বাংলাদেশের বিএনপির নেতৃত্বে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠার পর আগরতলা থেকে ঢাকা হয়ে কলকাতা পর্যন্ত যাত্রীবাহী বাস সার্ভিস আগামী ২৮শে ফেব্রুয়ারি থেকে পুনরায় চালু হতে যাচ্ছে। এই লক্ষ্যে গতকাল থেকেই  পরীক্ষামূলকভাবে বাস চলাচল শুরু করেছে। আজ দুপুরে কয়েকজন যাত্রী নিয়ে আগরতলা থেকে একটি যাত্রীবাহী বাস ঢাকা হয়ে কলকাতার উদ্দেশ্যে রওনা হয়েছে।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আগরতলা থেকে ঢাকা হয়ে কলকাতা পর্যন্ত যাত্রীবাহী বাস পরিষেবা পুনরায় চালুর উদ্যোগে সন্তোষ প্রকাশ করেছেন।

*************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ আজ বিশালগড় নিউ মার্কেট এলাকায় বিশালগড় কৃষি বিপনন বাজারের উদ্বোধন করেন। ৩৯টি স্টল সম্বলিত এই দ্বিতল বাজার নির্মানে ব্যয় হয়েছে ৩ কোটি ১২ লক্ষ টাকা। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক সুশান্ত দেব, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি সুপ্রিয়া দাস দত্ত।

*************************

**Arshia :**

আন্তর্জাতিক দাবার আসরে ফের সাফল্য পেলো রাজ্যের মহিলা আন্তর্জাতিক মাস্টার অর্শিয়া দাস। সার্বিয়ার ভোলাভো-তে র‍্যাপিড দাবা প্রতিযোগিতায় অর্শিয়া ৯ রাউন্ডে সাড়ে ৫ পয়েন্ট পেয়ে সেরা মহিলা দাবাড়ুর সম্মান পায়। এর সাথে এই আসর থেকে ১৭৫ রেটিং বাড়ায়। বর্তমানে তার রেটিং বেড়ে দাঁড়িয়েছে ১৮০৪।

************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭.১ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

************************